দৈনিক বাংলা

তারিখ ১।২।৮২ ...........
পৃষ্ঠা............ কলাম...........
055

# পটুয়াখালী ও যশোরে ৬৬টি খালের খনন কাজ এগিয়ে চলেছে

চলতি মওসুমে পটুয়াখালী ও যশোরে ৬৬টি খালের খনন কাজ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। সর্ব-স্তরের মানুষ এই সব খাল কাটার কাজে অংশ নিচ্ছে।

নিজস্ব সংবাদদাতা যশোর থেকে জানিয়েছেন, স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে যশোরে তৃতীয় পর্যায়ে ৩৬টি খাল কাটার কাজ এগিয়ে চলেছে।

খালগুলোর মধ্যে রয়েছে সদর মহকুমায় ১২টি, নড়াইল মহকুমায় ৫টি, মাগুরায় ৮টি ও ঝিনাইদহ মহকুমায় ১১টি। তৃতীয় পর্যায়ে খালখনন কাজ সম্পূর্ণ হলে ২৩ হাজার একর জমি সেচ সুবিধা পাবে। এতে অতিরিক্ত পাওয়া যাবে ৩ লাখ ৫১ হাজার মন ইরি ধান ও ১ লাখ মন গম।

এক তথ্য বিবরণীতে জানা গেছে, পটুয়াখালী জেলায় চলতি অর্থবছরে ৩০টি খালখনন ও পুনর্খনন কর্ম-সূচী হাতে নেয়া হয়েছে। এরমধ্যে বরগুনা মহকুমায় ৭টি এবং পটুয়াখালীতে ৫টি খাল খনন ও পুনর্খননের কাজ যথারীতি এগিয়ে চলেছে।

সর্বস্তরের জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে পটুয়াখালীর জেলা প্রশাসক সম্প্রতি পটুয়াখালী থানার মরিচবুনিয়া-কাটাখালী খাল প্রকল্পের কাজ উদ্বোধন করেন। পাঁচ মাইল দীর্ঘ এই খালটি পুনর্খনন শেষ হলে ৪শ একর জমি বিশেষ সেচ সুবিধা পাবে এবং এতে উৎপাদিত অতিরিক্ত শস্যের পরিমাণ হবে প্রায় সাড়ে তিন হাজার মন।

সম্প্রতি বরিশালের পিরোজপুর মহকুমায় পারসাটুরিয়া-উমেদপুর

## এগিয়ে চলেছে

(৭-এর পৃঃ পর)

খাল পুনর্খননের কাজ উদ্বোধন করেন স্থানীয় জেলা প্রশাসক। উদ্বোধনী দিনে হাজার হাজার কৃষক, শ্রমিক ও ছাত্র-জনতা স্বতঃস্ফূর্ত-ভাবে অংশ নেন। খালটি পুনর্খনন শেষ হলে প্রায় পনরশ একর জমি বিশেষ সেচ সুবিধা পাবে এবং এতে প্রায় ৩৭ হাজার ৫শ মন অতিরিক্ত ফসল উৎপাদিত হবে বলে আশা করা হচ্ছে।